

## কালের কণ্ঠ

তারিখ: ০৭-০৮-২০১৩

পৃষ্ঠা: ২

### মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

মেডিক্যাল ও ডেন্টাল কলেজে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষার ফল গতকাল রবিবার প্রকাশ করা হয়েছে। গতকাল বিকেল থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীদের মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে ফলাফল পাঠানো শুরু হয়েছে বলে স্বাস্থ্য অধিদপ্তর সূত্র জানিয়েছে।

এবার ভর্তি ফরম পূরণের সময় পরীক্ষার্থীদের মোবাইল ফোন নম্বর নেওয়া হয়েছিল। এই নম্বরেই ফল পাঠানো হচ্ছে। এ ছাড়া স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd)-তে ফল পাওয়া যাবে।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. খন্দকার মো. নিছাতুল উদ্দাহ বলেন, গত ৪ অক্টোবর বেণের সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজগুলোর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এমনিভাবে স্বাভাবিক পরীক্ষার দুই দিন পরই ফল প্রকাশ করা হলো।

সূত্র জানা যায়, এ বছর সরকারি ও বেসরকারি মেডিক্যাল ও ডেন্টাল কলেজের ১ হাজার ১১৪টি আসনের মধ্যে স্থান করে নিতে পরীক্ষায় অংশ নেয় ৬৮ হাজার ১৭২ জন শিক্ষার্থী। তারা বেশ মোট ২৩টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা হয়। বেশ ২২টি সরকারি মেডিক্যাল কলেজে আসন সংখ্যা দুই হাজার ৮১২। ৫৪টি বেসরকারি মেডিক্যাল কলেজে আসন সংখ্যা চার হাজার ৮০০। এ ছাড়া ১০টি সরকারি ডেন্টাল কলেজ ও মেডিক্যাল কলেজের ডেন্টাল ইউনিটে ৫৩২টি আসন রয়েছে। ১৮টি বেসরকারি ডেন্টাল ইনস্টিটিউটে আসন রয়েছে এক হাজার ৫০টি।

চলতি বছরের মধ্যেই সরকারি মেডিক্যাল-ডেন্টালের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে চায় বলে স্বাস্থ্য অধিদপ্তরের চিকিৎসা শিক্ষাবিষয়ক পরিচালক এ বি এম আবদুল হারুন ইতিপূর্বে জানিয়েছিলেন। সরকারি মেডিক্যাল কলেজগুলোতে ভর্তির পর বেসরকারি প্রতিষ্ঠানগুলোতে ভর্তির প্রক্রিয়া শুরু করা হবে বলে জানান তিনি।